



শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক নির্বাচন প্রত্যাশা ইইউর: আমীর খসরু



সংগৃহীত ছবি

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) বাংলাদেশে দ্রুত একটি অংশগ্রহণমূলক, শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য জাতীয় নির্বাচন দেখতে চায় বলে জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। গুলশানে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে দীর্ঘ বৈঠক শেষে তিনি বলেন, সম্মানজনক রাজনৈতিক পরিবেশ তৈরি এবং অবাধ ভোট নিশ্চিত করা এখনই প্রয়োজন।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী জানিয়েছেন, ইইউ বাংলাদেশের সামনে থাকা জাতীয় নির্বাচনী প্রক্রিয়া নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং দ্রুত একটি অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠিত হোক—এ প্রত্যাশা জানিয়েছে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) বিকেল সাড়ে ৪টার দিকে গুলশানে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে বিএনপি নেতাদের দেড় ঘণ্টার বেশি সময়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে সাংবাদিকদের সামনে আমীর খসরু বলেন, ভোটের পরিবেশ শান্তিপূর্ণ রাখতে এবং পরস্পরের প্রতি সম্মান বজায় রেখে নির্বাচন আয়োজন—এগুলোই আলোচনার কেন্দ্রবিন্দু ছিল। পাশাপাশি ব্যবসা-বাণিজ্যের নানা বাধা দূর করা এবং ভবিষ্যতে সহযোগিতা বৃদ্ধির পথ নিয়েও মতবিনিময় হয়।

তিনি জানান, বিএনপি ক্ষমতায় গেলে ইইউ'র সঙ্গে রাজনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক আরও শক্তিশালী হবে বলে আশা ব্যক্ত করেন। নির্বাচন নিয়ে বিএনপির কোনও উদ্বেগ নেই উল্লেখ করে তিনি বলেন, রাজনৈতিক অস্থিরতা ও উগ্র বক্তব্যের সংস্কৃতি বদলানো জরুরি। বিএনপি সংঘর্ষ নয়, বরং শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক নির্বাচনের পক্ষে।

বৈঠকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও সাংগঠনিক সম্পাদক শামা ওবায়দ অংশ নেন।